Ex/BANGLA/PG/1.52B/2024

# স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

## কোর্স : পি.জি. - ১.৫২বি

## পৌরাণিক ও লোকায়ত দেবভাবনা

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

**প্রতিটি** প্রশ্ন সমমানের।

১. 'বাইশা' কাব্যে মনসার দেবীভাবনা কী মনসামঙ্গল কাব্যের রীতি অনুসারে গড়ে উঠেছে? পাঠ্য অংশ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

অথবা

২. মনসার প্রস্তর ও ধাতব মূর্তি, মনসা ঘট, মনসা মেড়, শোলার মনসা, মনসার করণ্ডী ইত্যাদির মধ্য দিয়ে মনসার দেবীত্বের পরিকল্পনা কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৩. দেবী চণ্ডীর উৎস হিসাবে যে সব পৌরাণিক সূত্রগুলির কথা ভাবা হয় তার সংক্ষিপ্ত পরিচয় দাও। মহিষমর্দিনী দেবীর সঙ্গে ভূমধ্যসাগরীয় 'Virgo' দেবীর সম্পর্ক বিষয়ে তোমার মতামত দাও। ৮+২=১০

অথবা

৪. মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের সাপেক্ষে যদি বলা হয় চণ্ডীর স্বরূপ একমাত্রিক নয় বরং বহুমাত্রিক, তবে কি তুমি এই বক্তব্যের সঙ্গে সহমত হবে? যুক্তিসহ আলোচনা করো। ১০





৫. ধর্মঠাকুরকে কি সূর্যের সঙ্গে অভিন্ন বলা সঙ্গত হবে? ধর্মঠাকুর কেন্দ্রিক সাহিত্য ও সংস্কৃতির প্রেক্ষিতে পক্ষে বা বিপক্ষে যুক্তি দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

অথবা

৬. ধর্মঠাকুরের পূজা-পদ্ধতির মধ্যে যেসব সাংস্কৃতিক বিশেষত্ব গুরুত্ব পেয়ে থাকে সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৭. রুদ্র-শিবের ধারণায় আর্য-অনার্য উৎসগুলি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৮. বাংলা মঙ্গলকাব্যে সাধারণভাবে শিব ভিখারি হলেও শিবায়ন কাব্যে তাঁর কৃষক ভূমিকাটি মুখ্য হয়ে ওঠে। এর সম্ভাব্য কোনো কারণ আছে বলে কি তুমি মনে করো? মধ্যযুগের বাংলা সাহিত্যে কৃষক শিবের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৭=১০

★★★